



বাংলাদেশ ব্যাংক
 (সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
 মতিঝিল, ঢাকা-১০০০
 বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার নং- ০৮

০৪ পৌষ ১৪২৯

তারিখ:

১৯ ডিসেম্বর ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
 বাংলাদেশে কার্যরত সকল তফসিল ব্যাংক।

প্রিয় মহোদয়,

‘বাংলাদেশ ব্যাংক এভিকালচারাল ডেভেলপমেন্ট কমন ফাউন্ড (বিবিএডিসিএফ)’ গঠন প্রসঙ্গে।

২৮ জুলাই ২০২২ তারিখের এসিডি সার্কুলার নং-০৮ এর মাধ্যমে জারিকৃত চলতি ২০২২-২৩ অর্থবছরের কৃষি ও পট্টী ঋণ নীতিমালার ‘কৃষি ও পট্টী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও বাস্তবায়ন’ শীর্ষক অনুচ্ছেদ ৬.০৩ এবং এ বিভাগ কর্তৃক ২২ অক্টোবর ২০১৭ তারিখে জারিকৃত এসিডি সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ব্যাংকসমূহের বার্ষিক কৃষি ও পট্টী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার অনর্জিত অংশ কৃষি উৎপাদন বৃদ্ধিকালে বিনিয়োগের লক্ষ্যে ‘বাংলাদেশ ব্যাংক এভিকালচারাল ডেভেলপমেন্ট কমন ফাউন্ড (বিবিএডিসিএফ)’ নামে একটি ফাউন্ড গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ ফাউন্ড পরিচালনার ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা প্রযোজ্য হবে :

- ক) কৃষি ও পট্টী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ ব্যাংকসমূহের লক্ষ্যমাত্রার অনর্জিত অংশের সমপরিমাণ অর্থ ‘বিবিএডিসিএফ’ এ জমা রাখতে হবে। অর্থ জমাদানকারী ব্যাংকসমূহকে বাংলাদেশ ব্যাংক উক্ত জমাকৃত অর্থের উপর ২% হারে সুদ প্রদান করবে;
- খ) ‘বিবিএডিসিএফ’ এ জমাকৃত অর্থ ব্যাংকসমূহের অনুকূলে চাহিদা অনুযায়ী সক্ষমতার ভিত্তিতে বরাদ্দ করা হবে। বরাদ্দ প্রাপ্তির সর্বোচ্চ ১৮ মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংককে ২% হারে সুদসহ আসল পরিশোধ করতে হবে;
- গ) ব্যাংকসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের ‘কৃষি ও পট্টী ঋণ নীতিমালা’ অনুযায়ী ৮% সুদ হারে কেবলমাত্র নিজস্ব নেটওয়ার্কের মাধ্যমে (এমএফআই লিংকেজ ব্যতীত) কৃষি ও পট্টী ঋণ হিসেবে গ্রাহক পর্যায়ে বিতরণ করতে হবে;
- ঘ) ঋণ প্রদানকারী ব্যাংকসমূহের ঋণ বুঁকি হাসকালে ‘বিবিএডিসিএফ’ হতে গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের ১% সুদের সমপরিমাণ অর্থ জমা করে সংশ্লিষ্ট ব্যাংককে ‘Risk Mitigation Fund’ গঠন করতে হবে;
- ঙ) ‘বিবিএডিসিএফ’ হতে গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের ১% সুদের সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট ব্যাংকের স্থিতিপত্রের Common Equity Tier-1 (CET-1) মূলধনের উপাদান ‘General Reserve’ হিসাবের একটি খাত হিসেবে প্রদর্শনপূর্বক যথাযথভাবে Disclosure প্রদান করতে হবে;
- চ) ‘বিবিএডিসিএফ’ হতে বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সুদের অবশিষ্ট ৪% সংশ্লিষ্ট ব্যাংক আয় খাতে স্থানান্তর করতে পারবে;
- ছ) উপরোক্ত নির্দেশনা চলতি ২০২২-২৩ অর্থবছর হতে কার্যকর হবে।

এতদ্প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের কৃষি ও পট্টী ঋণ নীতিমালার অনুচ্ছেদ ৬.০৩ এর (গ) ও (ঘ) এবং এ বিভাগ কর্তৃক ২২ অক্টোবর ২০১৭ তারিখে জারিকৃত এসিডি সার্কুলার নং-০৩ এর (খ) ও (গ) ক্রমিকের নির্দেশনা এ সার্কুলারের মাধ্যমে বাতিল বলে গণ্য হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল কালাম আজাদ)

পরিচালক (এসিডি)

ফোনঃ ৯৫৩০১৩৮